# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 05.07.2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) মাস খানেক টানা পোড়েনের পর অবশেষে উপনির্বাচনে জয়ী দুই বিধায়ক আজ শপথ গ্রহণ করেছেন। বিধানসভায় তাদের শপথবাক্য পাঠ করান অধ্যক্ষ।

এই শপথগ্রহণ অসাংবিধানিক বলে দাবি করে রাজ্যপাল, রাষ্ট্রপতিকে চিঠি দিয়েছেন। বিজেপিও এই শপথকে বেআইনী বলে অভিযোগ করেছে। তবে, অধ্যক্ষ বলেছেন, তিনি আইন মেনেই সব কাজ করেছেন।

২) শৌচাগার নির্মাণে দুর্নীতি রুখতে রাজ্য সরকার মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠীগুলিকে দায়িত্ব দেওয়ার বিষয়ে ভাবনা চিন্তা করছে।

৩) জমি দখল, মহিলাদের ওপর নির্যাতন সহ বিভিন্ন অভিযোগে উত্তর দিনাজপুরের চোপড়ায় প্রাক্তন তৃণমূল কংগ্রেস নেতা আব্দুল হকের ভাই মহম্মদ খালেককে গ্রেপ্তার করা হয়েছে।

৪) জোড়া ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে উত্তর পূর্ব ভারত ও উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারি বৃষ্টি হচ্ছে।

৫) কলকাতায় আজ প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মহমেডান স্পোর্টিং কালীঘাট মিলন সংঘের কাছে ১-২ গোলে পরাজিত হয়েছে।

---

মাসখানেকের টানাপড়েনের পর অবশেষে উপনির্বাচনে বরানগর আসনে জয়ী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার বিজয়ী রেয়াত হোসেন সরকার আজ বিধায়ক হিসেবে শপথ গ্রহণ করেছেন। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁদের শপথ বাক্য পাঠ করান। এর আগে শ্রী বন্দ্যোপাধ্যায়, উপাধ্যক্ষ আশীষ বন্দ্যোপাধ্যায় কে শপথ বাক্য পাঠ করানোর জন্য অনুরোধ জানান। স্পিকারের উপস্থিতিতে তিনি তা করতে অসম্মত হন। পরিষদীয় বিধির রুল ফাইভ মেনেই বিধানসভা চলাকালীন অধ্যক্ষই জয়ী প্রার্থীদের শপথ বাক্য পাঠ করান।

এদিকে পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় জানান, নতুন সদস্যরা শপথ নিতে দেরি হওয়ায় এলাকার মানুষ এতদিন পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছিলেন।

বাইট

এদিকে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ বিধানসভায় শপথ গ্রহণ অনুষ্ঠান অসাংবিধানিক বলে  দাবি করে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি দিয়েছেন। তাঁর অভিযোগ, দুই তৃণমূল কংগ্রেস বিধায়ককে যেই পদ্ধতিতে শপথ পাঠ করানো হয়েছে, তাতে সংবিধান লঙ্ঘিত হয়েছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় অবশ্য বলেছেন, রাজ্যপাল জানানোর আগেই তিনি রাষ্ট্রপতিকে বিষয়টি অবহিত করেছেন। তাই রাজ্যপালের চিঠির কোনো গুরুত্ব নেই।

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও এই শপথ গ্রহণকে সম্পূর্ণ বেআইনি বলে দাবি করেছেন। নদীয়ার রানাঘাটের হাবিবপুররে ছাতিমতলার মাঠে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, অধ্যক্ষ সংবিধান বহির্ভূত কাজ করেছেন। রাজ্যে আইনশৃঙ্খলা বলে কিছু নেই।

রাজ্যপাল এই নিয়ে রাষ্ট্রপতিকে যে চিঠি দিয়েছেন, সে ক্ষেত্রে কোনো পদক্ষেপ না নেওয়া হলে বিরোধী দলনেতা হিসেবে তিনি যে পদক্ষেপ নেওয়ার তিনি নেবেন। শুভেন্দু আরও বলেন, তিনি বলেন রাজভবনে গিয়ে শপথ নেওয়ায় কোন সমস্যা ছিলনা। তা সত্ত্বেও সংবিধান অবমাননা করে মুখ্যমন্ত্রীর কথা অনুযায়ী কাজ হয়েছে।

বিধানসভার বিশেষ অধিবেশনের কর্মসূচি স্থির করতে আজ কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসে। অধ্যক্ষ, উপাধ্যক্ষ এর পাশাপাশি বৈঠকে উপস্থিত ছিলেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, ফিরহাদ হাকিম, চন্দ্রিমা ভট্টাচার্য, অরুপ বিশ্বাস, শশী পাঁজা, দেবাশিস কুমার, মলয় ঘটক, সুজিত বসুরা। এরপর বসে বিধানসভার বিশেষ অধিবেশন।

-------------------------

শৌচাগার নির্মাণে দুর্নীতি রুখতে রাজ্য সরকার মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠীগুলিকে দায়িত্ব দেওয়ার বিষয়ে ভাবনা চিন্তা করছে। কোন্ কোন্ জেলার কোন্ ব্লকে কোথায় কতগুলি শৌচাগার নির্মিত হয়েছে, তা খতিয়ে দেখে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে ব্লক প্রশাসনের কাছে রিপোর্ট দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, বর্তমানে শৌচাগার নির্মাণের পর পঞ্চায়েত দপ্তরের তরফে তা খতিয়ে দেখে রিপোর্ট দেওয়া হয়। কিন্তু এ নিয়ে বিভিন্ন জেলা থেকে অনেক দুর্নীতির অভিযোগ পাওয়ার পরই রাজ্য সরকারের এই সিদ্ধান্ত।

-------------------------

জমি দখল, মহিলাদের ওপর নির্যাতন সহ বিভিন্ন অভিযোগে উত্তর দিনাজপুরের চোপড়া বিধানসভার ইসলামপুরের সুজালি থেকে প্রাক্তন তৃণমূল কংগ্রেস নেতা আব্দুল হকের ভাই মহম্মদ খালেক ওরফে মাতালকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে দিনের

পর দিন গ্রামবাসীদের ওপর অত্যাচারেরও অভিযোগ রয়েছে। স্থনীয় বাসিন্দারা গতরাতে ইসলামপুর থানার রামগঞ্জ ফাঁড়িতে তাকে গ্রেপ্তারের দাবিতে তুমুল বিক্ষোভ দেখান। দায়ের করেন অভিযোগও। তারপরেই পুলিশ রাতেই তাকে গ্রেপ্তার করে। ধৃতকে আজ ইসলামপুর আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, দোর্দন্ডপ্রতাপ আব্দুল ও তার ভাই খালেক দিনের পর দিন গ্রামবাসীদের ওপর চরম অত্যাচার করলেও তারা ভয়ে মুখ খুলতে পারেননি। সম্প্রতি চোপড়ায় সালিশি সভায় যুগলকে মারধরের ঘটনায় তাজিমুল ওরফে জেসিবি, আমিরুল ও তাদের সাগরেদরা গ্রেপ্তার হতেই অত্যাচারিত গ্রামবাসীরা পুলিশের দ্বারস্থ হন।

------------------------

দেবাশিস প্রামানিকের পর জমিকান্ডে এবার তৃণমূল কংগ্রেসের ডাবগ্রাম ফুলবাড়ির ব্লক সহ সভাপতি গৌতম গোস্বামীকে গ্রেপ্তার করা হল। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের বিশেষ অপারেশন গ্রুপের একটি দল আজ তাকে দিল্লী থেকে বিমানে শিলিগুড়িতে নিয়ে আসে। তারপর তাকে নিয়ে যাওয়া হয় মাটিগাড়া থানায়। গৌতম বাবু অবশ্য দাবি করেছেন, তাকে গ্রেপ্তার করা হয়নি। তিনি আত্মসমর্পণ করেছেন।

এদিকে, ডাবগ্রাম ফুলবাড়ির বিধায়ক শিখা চ্যাটার্জী বলেছেন, গোটা ব্যাপারটাই লোক দেখানো। দু এক জনকে সামনে এগিয়ে দিয়ে বাকিদের আড়াল করার চেষ্টা চলেছে।

উল্লেখ্য, এর আগে ডাবগ্রাম ফুলবাড়ির তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক ব্লক সভাপতি দেবাশিস প্রামাণিককে জমি কারবারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গ্রেপ্তার

করা হয়। বর্তমানে তিনি পুলিশ হেফাজতে রয়েছেন। এরপর তৃণমূল কংগ্রেস দল থেকে তাকে বহিষ্কারও করে।

-------------------------

পূর্ব বর্ধমানের জামালপুর থানার কুবাচপুরে বিচারাধীন মামলায় তৃণমূল কংগ্রেসের নেতার ডাকা সালিশি সভায় হাজির না হওয়া এক বৃদ্ধ দম্পতি ও তার ছেলেকে বাড়িছাড়া হতে হয়েছে। ঐ নেতার দলবলের বিরুদ্ধে দম্পতি কে মারধর এবং খুনের হুমকি দেওয়ারও অভিযোগ উঠেছে। প্রাণ বাঁচাতে তারা নিজেদের বাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হয়েছেন। পরিবারের পক্ষ থেকে রাজ্য পুলিশের ডিজি ও জেলা পুলিশ সুপারের কাছে এব্যাপারে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনা প্রকাশ্যে আসতেই বিরোধীরাও প্রতিবাদে সোচ্চার হয়েছেন।

-------------------------

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরে, তৃণমূলের বুথ সভাপতি হরিচরণ মন্ডলের বিরুদ্ধে একজনকে মারধর করার অভিযোগ উঠেছে। সোনারপুর উত্তর বিধানসভা কেন্দ্রের কামরাবাদ গ্রাম পঞ্চায়েতের ডিহি অঞ্চলের বিস্তীর্ণ এলাকায় দীর্ঘদিন পানীয় জলের সমস্যা থাকায় টিউবওয়েল লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়। এরপর প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হলেও সাব মার্সেবল বসানো নিয়ে শুরু হয় ঝামেলা। স্থানীয় বাসিন্দা অমর কুমার মন্ডল অভিযোগ করেছেন, তৃণমূলের বুথ সভাপতি হরিচরণ মন্ডল তার ওপর ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করেন। ঘটনায়, তদন্ত করছে নরেন্দ্রপুর থানার পুলিশ।

-------------------------

প্রসার ভারতী চেয়ারম্যান নভনিত কুমার সেহগাল আজ এক সরকারি সফরে আকাশবাণী কলকাতায় আসেন। আকাশবাণী কলকাতার সংবাদ, অনুষ্ঠান ও অন্য বিভাগের আধিকারিকদের সঙ্গে তিনি বৈঠকে মিলিত হন। বিভিন্ন বিভাগের কাজকর্মও খতিয়ে দেখেন। এর আগে স্টুডিওগুলি ঘুরে দেখেন তিনি। আগামীকাল দূরদর্শন কলকাতা যাবার কথা রয়েছে তার। আজ সন্ধ্যায় আকাশবাণী কলকাতায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেন তিনি।

------------------------

দেশে পয়লা জুলাই থেকে বলবত হওয়া নতুন তিনটি ফৌজদারী আইনের জনমুখী বিভিন্ন দিক নিয়ে আজ শুনবেন, আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা। ওয়েস্টবেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেসের অধ্যাপক সূর্যকান্ত বালাধিকারির সঙ্গে কথা বলবেন, শঙ্কর মুখোপাধ্যায়। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে ন-টায় গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টস প্রচার তরঙ্গে, এবং ডিটিএইচ বাংলা পরিষেবায়। আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে এই অনুষ্ঠান।

------------------------

উত্তর পূর্ব রাজস্থান থেকে বাংলাদশ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা ও পশ্চিম রাজস্থান থেকে মণিপুর পর্যন্ত এবং দক্ষিণ পশ্চিম উত্তরপ্রদেশ থেকে পশ্চিম আসাম পর্যন্ত দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তর পূর্ব ভারত ও উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারি বৃষ্টি হচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তর আগামী সোমবার ৮ই জুলাই পর্যন্ত উত্তরবঙ্গে ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

আজ দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে প্রবল বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে।

উত্তর দিনাজপুরে জারি রয়েছে হলুদ সতর্কতা। আগামীকাল কোচবিহার, কালিম্পং, দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং উত্তর দিনাজপুরে হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

আজ সকাল সাড়ে ৮ টা পর্যন্ত গত ২৪ ঘন্টায় সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে আলিপুরদুয়ারে ২৮ সেন্টিমিটার, এছাড়া কোচবিহারের পুন্ডিবাড়িতে ২৪, মাথাভাঙ্গায় ২১ আলিপুরদুয়ারে চেপানে ২০ সেন্টিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

এদিকে, কলকাতায় রাতের দিকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩২ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা শূন্য দশমিক চার ডিগ্রি কম।

-------------------------

নিকাশি নালা ভরাটের কারণে তিনদিনের বৃষ্টিতে পুরাতন মালদার বালা সাহাপুর প্রাথমিক বিদ্যালয় জলমগ্ন হয়ে পড়ায় ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার নগণ্য হয়ে পড়েছে। জলে সাপ, পোকামাকড়ের উপদ্রব্যের ফলে অভিভাবকরা অনেকে পড়ুয়াদের স্কুলে পাঠাতে চাইছেন না আবার স্কুলে এসেও বাড়ি ফিরিয়ে নিয়ে যেতে বাধ্য হচ্ছেন। স্কুলের ২১৬ জন ছাত্রছাত্রীর মধ্যে জলমগ্ন পরিস্থিতিতে মাত্র ৩০ থেকে ৪০ জন পড়ুয়া উপস্থিত থাকতে পারছেন। ভীষণ সমস্যায় ক্লাস করানো ও মিড ডে মিলের কাজ চালাতে হচ্ছে শিক্ষকদের। ঘটনা এর আগেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছিল বলে অভিযোগ। শিক্ষকরা বলেন, এবারও এই ঘটনা নিয়ে লিখিতভাবে জানানো হবে।

-------------------------

প্রাথমিকে নিয়োগের মামলায় ওএমআর শিট বা উত্তরপত্রের তথ্য উদ্ধার করতে অন্য সংস্থাকে দায়িত্ব দিতে বলেছে কলকাতা হাই কোর্ট। জানা গেছে, আজ বিচারপতি রাজাশেখর মান্থা এই নির্দেশ দিতে গিয়ে বলেন, তদন্তকারী সংস্থা সিবিআই সার্ভারের মূল তথ্য উদ্ধার করতে ব্যর্থ হয়েছে। এ বার তারা অন্য সংস্থা নিয়োগ করুক। ছ'সপ্তাহ পরে এই মামলার পরবর্তী শুনানি। একই সঙ্গে বিচারপতি মান্থা , সিবিআই-কে দেশের তথ্যপ্রযুক্তির সঙ্গে যুক্ত প্রথম সারির সংস্থাগুলির সাহায্য নিতেও বলেছেন। এমনকি বিশেষ প্রয়োজনে ওই তথ্য খুঁজে পেতে বিশ্বের যে কোনও সংস্থাকে নিয়োগ করার জন্য কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে নির্দেশ দিয়েছেন বিচারপতি। তাঁর পর্যবেক্ষণ, এই মামলায় ওএমআর শিটের তথ্য খুবই গুরুত্বপূর্ণ। তা উদ্ধার করা জরুরি। আদালত জানায়, তথ্য উদ্ধারের জন্য যে খরচ হবে, তা বহন করবে প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং রাজ্য সরকার।

-------------------------

স্নাতকোত্তর স্তরে এ বছর নীট প্রবেশিকা পরীক্ষা আগামী মাসের ১১ই আগষ্ট নেওয়া হবে। দুটি পর্বে পরীক্ষাটি হবে। মেডিকেল সায়েন্সেসের জাতীয় পরীক্ষা পর্ষদ আজ পরীক্ষার পরিবর্তিত সূচী প্রকাশ করে। গত মাসে নীট পিজি পরীক্ষার এক দিন আগেই তা স্থগিত করে দেওয়া হয়। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অস্বচ্ছতার অভিযোগ ওঠায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

-------------------------

কলকাতায় আজ প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মহমেডান স্পোর্টিং কালীঘাট মিলন সংঘের কাছে১-২ গোলে পরাজিত হয়েছে। বিরতিতে বিজয়ী দল দুই- শূন্য গোলে

এগিয়েছিল। কালীঘাট মিলন সংঘের পক্ষে পাসান দোর্জি দুটি গোলই করেছেন। মহমেডান স্পোর্টিংয়ের পক্ষে একটি গোল শোধ করেন ইসরাফিল দেওয়ান। এবারের লিগে মহমেডান স্পোর্টিংয়ের তৃতীয় ম্যাচে প্রথম পরাজয়।

আজ ব্যারাকপুর স্টেডিয়ামে অন্য ম্যাচে সুরুচি সংঘ ২-১ গোলে ইউনাইটেড স্পোর্টিং ক্লাবকে পরাজিত করেছে।

কল্যাণীতে আরেকটি ম্যাচে সাউদার্ন সমিতি ২-১ গোলে মেশারার্স ক্লাবের বিরুদ্ধে জয়ী হয়েছে।

------------------------

বারাসাত পুরসভার দু নম্বরে ওয়ার্ডের সপ্তর্ষী নগরে মেয়ের মৃত্যু শোকে এক দম্পতি আত্মঘাতী হয়েছেন। পুলিশ জানিয়েছে, রঞ্জিত ও মৌসুমী মন্ডল নামে ঐ দম্পতির একমাত্র কন্যা সন্তান গত বছর আত্মঘাতী হন। তারপর থেকে তাঁরা মানসিকভাবে ভেঙ্গে পড়েছিলেন। হতাশার মধ্যে দিন কাটাচ্ছিলেন। প্রতিবেশীরা জানিয়েছেন, বেশ কিছুদিন ঐ দম্পতিকে দেখা যায়নি। আজ সকালে বন্ধ ঘর থেকে দুর্গন্ধ পেয়ে তারা দরজা ভেঙে দম্পতির পচাগলা দেহ উদ্ধার করে। পাশে পাওয়া যায় এওকটি সুইসাইড নোটও। মৃতদেহগুলি ময়না তদন্তে পাঠানো হয়েছে।

------------------------ ------------------------